রাতের অন্ধকারে এনসিপি কার্যালয়ের সামনে ককটেল হামলা, দুইজন আটক



সংগৃহীত ছবি

রাজধানীর এনসিপি কার্যালয়ের সামনের এলাকায় সোমবার (১০ নভেম্বর) রাত ১১টার দিকে দুটি ককটেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। এর মধ্যে একটি বিস্ফোরিত হয়, অপরটি অবিস্ফোরিত অবস্থায় পাওয়া যায়।

ঘটনার পরপরই কার্যালয়ের নিরাপত্তা ও এলাকাটি ঘিরে পুলিশ অতিরিক্ত ফোর্স মোতায়েন করে। স্থানীয়রা এবং পার্টির নেতাকর্মীরা দুইজনকে আটক করে পুলিশের হেফাজতে দেন।

এনসিপির মিডিয়া সেল সম্পাদক মুশফিক উস সালেহীন জানান, রাতে এই বিস্ফোরণ ঘটেছে এবং পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে আছে।

LENS ASIA